

মাইডাস এবং জবস্-এর যৌথ উদ্যোগে কর্মশালা

মাইডাস এবং জবস্-এর যৌথ উদ্যোগে 'ইউরোপিয়ান ইউনিয়নের সাথে ব্যবসা' শীর্ষক ৩ দিনব্যাপী কর্মশালা ৫ সেপ্টেম্বর ঢাকায় শুরু হবে। প্রতিদিন সকাল সাড়ে ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই কর্মশালায় অংশগ্রহণকারীগণ ইউরোপীয় ইউনিয়নের সাথে ব্যবসা পরিচালনা সংক্রান্ত কলা-কৌশল, প্রতিবন্ধকতা, ব্যবসা সম্পর্কিত গবেষণা, রপ্তানিপণ্য বিপণন পরিকল্পনা ইত্যাদি বিষয় সম্পর্কে ব্যবহারিক জ্ঞান লাভের সুযোগ পাবেন। ইউরোপীয় ইউনিয়নের সাথে ব্যবসা করতে আগ্রহী ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা প্রতিষ্ঠান এবং ব্যবসা উন্নয়ন সহায়ক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এ কর্মশালায় অংশগ্রহণ করতে পারবেন। সিবিআই নেদারল্যান্ডের রনসালটেট মার্টিন বিটার এবং পল ভুলিংকস্ উক্ত কর্মশালা পরিচালনা করবেন। কর্মশালায় অংশগ্রহণে আগ্রহীগণ মাইডাস, বাড়ী নং-৫, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯, ফোন- ৮১১৬০৯৪-৫, ৮১১৬১৮৬-৭, ৮১১৬১২৭, ৯১১৭১৫৪, ০১৭৮৪২৯৭৬, ই মেইল: alauddin@bd.drik.net অথবা জবস্, বাড়ী নং-১/এ, রোড নং-২৩, গুলশান, ঢাকা-১২১২, ফোন-৮৮২৯০০৭, ৯৮৮৫১৪১, ৯৮৯৫২১৪, E-mail: azad@jobsiris.dhaka-bd.net থেকে আবেদনপত্র সরব্বহ করতে পারেন। -প্রেস বিজ্ঞপ্তি